গাংনীতে ৭ কেজি গাঁজাসহ মাদক কারবারি আটক

মেহেরপুরের গাংনীতে ৭ কেজি গাঁজাসহ হাসিবুল ইসলাম (৪৬) নামের এক মাদক কারবারিকে আটক করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন-এসআরবি-১২।

শনিবার (২৪ অক্টোবর) ভোর সাড়ে ৪ টার দিকে উপজেলার নওপাড়া ক্লাব পাড়া এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক হাসিবুল ইসলাম গাংনী উপজেলার নওপাড়া গ্রামের ক্লাব পাড়ার মৃত হাবিবুর রহমানের ছেলে।

এসআরবি-১২ গাংনীস্থ ক্যাম্পের কোম্পানি কমান্ডার সহকারী পুলিশ সুপার হান্নান হাওলাদার কর্তৃক প্রেরিত প্রেস বিজ্ঞপ্তিতে জানায়, মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের নওপাড়া ক্লাবের কাছে গাঁজা নিয়ে এক ব্যক্তি অবস্থান করছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়।

এ সময় হাসিবুল ইসলাম আটক করে তার কাছ থেকে ৭ কেজি গাঁজা উদ্ধার করা হয়। উদ্ধারকৃত গাঁজাসহ আটক ব্যক্তির বিরুদ্ধে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনের ৩৬(১) সারণির ১৯(খ) ধারায় মামলা দায়ের পুর্বক গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

কুষ্টিয়ার দৌলতপুরে টাপেন্টাডলসহ মাদক কারবারি গ্রেপ্তার

কুষ্টিয়ার দৌলতপুরে থানা পুলিশের বিশেষ অভিযানে ১ হাজার ৬২০ পিস নেশাজাতীয় টাপেন্টাডল ট্যাবলেটসহ রাজু আহমেদ (৩৫) নামের এক মাদক কারবারিকে গ্রেপ্তার করা হয়েছে।

রাজু আহমেদ জেলার কুমারখালী উপজেলার ঝাউতলা গ্রামের আলমগীর

হোসেনের ছেলে।

গত শুক্রবার রাত সাড়ে ৮টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দৌলতপুর থানার ওসি মো. খালেদুর রহমানের নির্দেশনায় এসআই মহসিন চৌধুরীসহ পুলিশের সদস্যরা উপজেলার হোসেনাবাদ হিসনাপাড়া এলাকায় বিশেষ অভিযান চালান।

অভিযানকালে রাজু আহমেদকে আটক করে তাঁর কাছ থেকে ১ হাজার ৬২০ পিস নেশাজাতীয় টাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। এ ঘটনায় দৌলতপুর থানায় মামলা হয়েছে।

দৌলতপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. খালেদুর রহমান জানান, সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে দৌলতপুর থানা পুলিশ অভিযান চালিয়ে বিপুল পরিমাণ টাপেন্টাডল ট্যাবলেটসহ এক মাদক কারবারিকে আটক করেছে।

তিনি আরও জানান, রাজু ভারত সীমান্তসংলগ্ন এলাকা থেকে মাদক সংগ্রহ করে জেলার বিভিন্ন স্থানে সরবরাহ করে আসছিলেন।

দর্শনায় বিশেষ অভিযানে ৪ মাদক কারবারি গ্রেপ্তার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা পৌরসভার পৃথক এলাকায় বিশেষ অভিযান চালিয়ে চারজন মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে দর্শনা থানা পুলিশ। এর মধ্যে জসিম মিয়া নামে একজনকে সংক্ষিপ্ত বিচার (সামারি ট্রায়াল) শেষে এক বছরের কারাদণ্ড প্রদান করেছেন আদালত।

গতকাল বৃহস্পতিবার ভোরে তাদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন, দর্শনা পৌর শহরের শান্তিপাড়া এলাকার মৃত টুকু মিয়ার ছেলে চিহ্নিত মাদক কারবারি জসিম মিয়া (৪৭), একই এলাকার ফারুক হোসেনের ছেলে রাসেল হোসেন (২৭), সীমান্তবর্তী জয়নগর গ্রামের মৃত আজাদ হোসেনের ছেলে চিহ্নিত মাদক কারবারি

মাগরিব হোসেন (৪০) এবং একই গ্রামের আব্দুস সামাদ ওরফে জাম্বুর ছেলে মারুফ হোসেন (২৬)।

পুলিশ সূত্রে জানা গেছে, চুয়াডাঙ্গার পুলিশ সুপার মোহাম্মদ রুহুল কবীর খানের সার্বিক নির্দেশনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) নজরুল ইসলামের নেতৃত্বে থানা পুলিশের একটি দল বৃহস্পতিবার ভোরে দর্শনা পৌরসভার শান্তিপাড়া এলাকা ও সীমান্তবর্তী জয়নগর গ্রামে পৃথক অভিযান পরিচালনা করে তাদের গ্রেপ্তার করে।

পরে গ্রেপ্তারকৃত জসিম মিয়াকে সংক্ষিপ্ত বিচার (সামারি ট্রায়াল) শেষে বিজ্ঞ আদালত এক বছরের কারাদণ্ড প্রদান করেন। অপর তিনজনকে প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শেষে চুয়াডাঙ্গা আদালতে পাঠানো হয়েছে।
দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ও অন্যান্য মামলায় একাধিক অভিযোগ রয়েছে। মাদকবিরোধী বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলেও তিনি জানান।

মেহেরপুরে ৫ গ্রাম হেরোইনসহ তিন মাদক কারবারি গ্রেপ্তার

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের হরিরামপুর পূর্বপাড়া গ্রামের তিন রাস্তার মোড় বটতলা এলাকা থেকে ৫ গ্রাম হেরোইনসহ তিন মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে পুলিশ।

গ্রেপ্তারকৃতরা হলেন, মেহেরপুর শহরের স্টেডিয়ামপাড়া এলাকার মৃত জিয়াউর রহমানের ছেলে মো. তামিউর রহমান সোহান (২৩), বামনপাড়া এলাকার মো. তাহাজ উদ্দিন খানের ছেলে মো. তারিকুল ইসলাম (৩৪) এবং মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামের মো. বজলুর রহমানের ছেলে মো. নিশাত এলাহী (২৩)।

পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর সদর

থানার একটি দল বুড়িপোতা ইউনিয়নের হরিরামপুর পূর্বপাড়া গ্রামের তিন রাস্তার মোড় বটতলা এলাকায় অভিযান চালায়। এ সময় হেরোইন ক্রয়-বিক্রয়ের সঙ্গে জড়িত অবস্থায় ওই তিনজনকে আটক করা হয়।

পরে তাদের তল্লাশি করে তামিউর রহমান সোহানের কাছ থেকে ৫ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। উদ্ধারকৃত হেরোইন জব্দ করা হয়েছে।

পুলিশ জানায়, এ ঘটনায় গ্রেপ্তারকৃত তিনজনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রক্রিয়া চলছে। তাদের আদালতে সোপর্দ করা হবে।

এদিকে, এলাকাবাসী মাদকবিরোধী অভিযানে পুলিশের এ পদক্ষেপকে ইতিবাচক হিসেবে দেখছেন। পুলিশ জানিয়েছে, মাদক নির্মূলে এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

মহেশপুরে ১ কেজি গাঁজাসহ মাদক কারবারি গ্রেপ্তার

ঝিনাইদহের মহেশপুর উপজেলায় ১ কেজি গাঁজাসহ মো. মহিদুল মল্লিক
(৩৭) নামের এক মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে পুলিশ।
শুক্রবার (১৭ জুলাই) দুপুরে মহেশপুর পৌরসভার জলিলপুর এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত মহিদুল মল্লিক উপজেলার ভৈরবা (কুল্লাহপাড়া) গ্রামের মৃত আলী কদর মল্লিকের ছেলে।

পুলিশ সূত্রে জানা যায়, মাদকবিরোধী বিশেষ অভিযানের অংশ হিসেবে শুক্রবার সকাল সাড়ে ১১টার দিকে মহেশপুর থানার এসআই মো. জিয়াউর রহমানের নেতৃত্বে পুলিশের একটি দল জলিলপুর পাঁচমাথা টু ভৈরবা সড়কে চেকপোস্ট বসায়। গোপন সংবাদের ভিত্তিতে তল্লাশিকালে মহিদুল মল্লিকের হাতে থাকা একটি গোলাপী রঙের ব্যাগ থেকে খাকি কসটেপ দিয়ে মোড়ানো ১ কেজি গাঁজা উদ্ধার করা হয়। উদ্ধারকৃত গাঁজার আনুমানিক বাজারমূল্য ৪০ হাজার টাকা।

মহেশপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী হাসান ঘটনার সত্যতা

নিশ্চিত করে বলেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ওই মাদক কারবারিকে হাতেনাতে গ্রেফতার করা হয়েছে। তার বিরুদ্ধে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মহেশপুর থানায় একটি মামলা (নং-
২২) দায়ের করা হয়েছে।

তিনি আরও জানান,এলাকায় মাদকের বিস্তার রোধে পুলিশের এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলেও তিনি জানান।

দামুড়হুদায় দুই মাদক কারবারি ও এক চোর গ্রেপ্তার

দামুড়হুদা মডেল থানা-পুলিশের বিশেষ অভিযানে দুই মাদক কারবারি ও একজন চোরকে গ্রেপ্তার করা হয়েছে। আজ বৃহস্পতিবার তাদেরকে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন উপজেলার জয়রামপুর গ্রামের কলোনিপাড়ার মৃত মাদার শেখের ছেলে মানিক শেখ (৪০), চন্দ্রবাস গ্রামের তরফদারপাড়ার মৃত অহেদ শেখের ছেলে মিজানুর শেখ (৩১) এবং জয়রামপুর স্টেশনপাড়ার সাজু শেখের ছেলে অন্তর আলী (১৯)।

পুলিশ সূত্রে জানা গেছে, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিনের দিকনির্দেশনায় গত বুধবার দিবাগত রাতে পৃথক অভিযান চালানো হয়। অভিযানে মাদক কারবারের অভিযোগে জয়রামপুর স্টেশন এলাকা থেকে মানিক শেখকে এবং চুরির অভিযোগে অন্তর আলীকে গ্রেপ্তার করা হয়। একই রাতে চন্দ্রবাস গ্রামের তরফদারপাড়া থেকে মাদক কারবার ও মাদক সেবনের অভিযোগে মিজানুর শেখকে গ্রেপ্তার করে পুলিশ।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিন বলেন, গ্রেপ্তারকৃত আসামিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলা দায়ের করা হয়েছে। গতকালই তাদেরকে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

কোটচাঁদপুরে ১৩ পিস ইয়াবাসহ দুই মাদক কারবারি গ্রেফতার

ঝিনাইদহের কোটচাঁদপুরে থানা পুলিশের মাদকবিরোধী বিশেষ অভিযানে ১৩ পিস ইয়াবা ট্যাবলেটসহ দুই চিহ্নিত মাদক কারবারিকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে কোটচাঁদপুর পৌরসভার মেইন বাসস্ট্যান্ড এলাকায় গোল্ডেন লাইন পরিবহনের কাউন্টারের সামনে অভিযান চালিয়ে তাদের হাতেনাতে আটক করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, কোটচাঁদপুর থানা এলাকায় মাদক উদ্ধার ও গ্রেফতারি পরোয়ানা তামিলের দায়িত্ব পালনকালে গোপন সংবাদের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে নেতৃত্ব দেন এসআই (নি.) অমিত কুমার সাহা। এ সময় তাঁর সঙ্গে সঙ্গীয় পুলিশ সদস্যরাও উপস্থিত ছিলেন।

গ্রেফতারকৃতরা হলেন, কোটচাঁদপুর উপজেলার গুড়পাড়া গ্রামের রবিউল ইসলামের ছেলে মোহাম্মদ ইব্রাহিম (২৬) এবং বাসস্ট্যান্ড পূর্বপাড়া এলাকার মোশারফ হোসেনের ছেলে ইমরান সিদ্দিক (৩৫)।

কোটচাঁদপুর থানা পুলিশ জানায়, গ্রেফতারকৃতদের কাছ থেকে ১৩ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত ইয়াবাগুলো জব্দ তালিকাভুক্ত করা হয়েছে। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রক্রিয়া চলছে। প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা শেষে তাদের আদালতে সোপর্দ করা হবে।

পুলিশ আরও জানায়, মাদকের বিরুদ্ধে সরকারের ‘জিরো টলারেন্স’ নীতি বাস্তবায়নে কোটচাঁদপুর থানা পুলিশের বিশেষ অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

ঝিনাইদহের মহেশপুরে মাদক কারবারিদের মারামারি, আহত ব্যক্তির মৃত্যু

ঝিনাইদহে মাদক কারবারিদের মধ্যে মারামারিতে মোশারফ হোসেন নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে। গতকাল বুধবার রাত ১০ টার দিকে মহেশপুর উপজেলার সাকোরপুল নামক স্থানে এ মারামির ঘটনা ঘটে। ঘটনাস্থল থেকে সেনা সদস্যরা আহত মোশারফ হোসেনকে উদ্ধার করে স্থানীয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করার পর চিকিৎসাধীন অবস্থায় সে মারা যায়।

আজ বৃহস্পতিবার সকালে মৃত মোশারফ হোসেনের লাশ ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। নিহত মোশারফ হোসেন মহেশপুর উপজেলার বাগানমাঠ গ্রামের ইউনুস আলীর ছেলে।

ঝিনাইদহ সেনা ক্যাম্পের একজন সেনা কর্মকর্তা জানান, গতকাল বুধবার রাত ১০ টার দিকে তারা গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারেন মহেশপুর উপজেলার সাকোরপুল এলাকায় একদল লোক মারামারিতে লিপ্ত হয়েছে। খবর পেয়ে সেনা ক্যাম্প থেকে একটি বিশেষ দল সেখানে যায়। সেনা সদস্যদের উপস্থিতি টের পেয়ে বিবাদমান দু’গ্রুপের লোকজনই পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে মুর্মুর্ষ অবস্থায় একজনকে উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ কমপ্লেক্সে ভর্তি করা হয় এবং চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। রাতেই সেনাবাহিনী অভিযান চালিয়ে ২শ’গ্রাম গাজা, মাদক সেবনের সারঞ্জামাদি ও নগদ ২৯ হাজার ৮৯৬ টাকা উদ্ধার করে।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ ফয়েজ উদ্দিন মৃধা জানান, গতকাল বুধবার রাতে উপজেলার সাকোরপুল নামক স্থানে একটি মারামির ঘটনা ঘটেছে। ঘটনা কথা শুনেছি তবে সেনা ক্যাম্পের সদস্যরা আহত মোশারফ হোসেনকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভতি করলে পরে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

স্থানীয় একটি সূত্র থেকে জানা যায়, স্থানীয় কিছু ব্যক্তি শত্রুতাবশত সেনাবাহিনীর কাছে, ভুল তথ্য দেয় তারা জানায় তার বাড়িতে ৪/৫কেজি গাঁজা আছে এবং সে একজন গাজা ব্যবসায়ী, এরপরে অভিযানে গিয়ে গাঁজা না পেলে বেধড়ক মারপিট করে আহত করে,পরে

দামুড়হুদায় ৮০ লিটার চোলাই মদসহ মাদক কারবারি আটক

দামুড়হুদায় ডিবি পুলিশ অভিযান চালিয়ে ৮০ লিটার চোলাই মদসহ আশরাফুল ইসলাম (৪০) নামের একজন মাদক কারবারিকে আটক করেছে।

আজ সোমবার সকাল ৬ টার দিকে দামুড়হুদা উপজেলার লোকনাথপুর গ্রামের পুর্ব পাড়ায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটকৃত আশরাফুল ইসলাম উপজেলার দর্শনা থানার পরানপুর গ্রামের স্কুল পাড়ার মৃত আলী কদরের ছেলে। আজ সোমবার দুপুর ২টায় এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেন জেলা গোয়েন্দা পুলিশ।

ডিবি পুলিশ সূত্রে জানাযায়, গোপন সংবাদের ভিত্তিতে সোমবার সকাল ৬টায় জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ মশিয়ার রহমানের তত্বাবধানে এস আই মুহিদ হাসান সঙ্গীয় ফোর্সসহ দামুড়হুদা থানাধীন লোকনাথপুর গ্রামের পুর্ব পাড়ায় অভিযান পরিচালিত করেন। এ সময় আলোচিত মাদক ব্যবসায়ী আশরাফুল ইসলাম কে লোকনাথপুরের শাকিলের বাড়ির সামনে পাকা রাস্তার উপর থেকে ৮০ লিটার চোলাই মদসহ আটক করা হয়।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ হুমায়ুন কবির বলেন, ডিবি পুলিশের অভিযানে মাদকসহ আশরাফুল ইসলাম নামের একজনকে আটক করা হয়েছে। দামুড়হুদা থানায় আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে তিন কেজি গাঁজা ও সিএনজিসহ মাদক কারবারি আটক

মেহেরপুরের সদর উপজেলার কালীগাংনী থেকে তিন কেজি গাঁজা ও একটি সিএনজিসহ রুহুল আমিন নামের এক মাদক কারবারিকে আটক করেছে গোয়েন্দা (ডিবি) পুলিশ।

আজ সোমবার সকাল ৯টার দিকে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের এসআই মো: সাহেব আলী, এএসআই মো: হুমায়ন কবির সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন। আটক রুহুল কুষ্টিয়ার মিরপুর পৌরসভার ২ নম্বর ওয়ার্ড কুরিপোল পাড়ার মোহাম্মেল শেখের ছেলে। তিনি সিএনজিতে করে বৃহত্তর কুষ্টিয়ার বিভিন্ন এলাকায় মাদক সরবরাহ করে থাকেন বলে জানতে পেরেছে পুলিশ।

ডিবির ওসি সাইফুল আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর সদর থানাধীন কালিগংনী গ্রামের হাবিবুর রহমানের বাড়ির সামনে কাথুলি টু নোয়াপাড়া গামী পাকা রাস্তার উপর থেকে ৩ কেজি গাঁজা ও গাঁজা বহনকারী সিএনজিসহ রুহুল শেখকে আটক করা হয়।

তিনি জানান, রহুল দীর্ঘদিন ধরে তার ব্যাবহৃত ইন্জিন চালিত সিএনজি দিয়ে বিভিন্ন এলাকা থেকে গাঁজা ক্রয় করে কুষ্টিয়া জেলার বিভিন্ন জায়গায় বিক্রি করে বলে জানতে পেরেছি। এ ঘটনায় মামলা রুজুর প্রক্রিয়া চলমান।